



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/31/2022

গভর্নর ক্যাথি হোকল

2023 অর্থবছরের বাজেট সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য এটি একটি অতি গুরুত্বপূর্ণ সময়, এবং আমাদের স্টেটের বাজেট যাতে নিউ ইয়র্কবাসীদের অগ্রাধিকারের প্রতিফলন হয় এবং আমরা যে প্রধান সমস্যার সম্মুখীন হচ্ছি তার সমাধান করে তা নিশ্চিত করতে আমি প্রতিশ্রুতিবদ্ধ। জননিরাপত্তা উন্নত করা থেকে শুরু করে ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করা, এগুলি হলো জরুরি এবং জটিল সমস্যা, এবং আমাদের জন্য এগুলি সঠিকভাবে করা প্রয়োজনীয়।

আমি সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট-কাজিন্স এবং স্পিকার হিস্ট্রির সাথে ফলপ্রসূ কথোপকথন চালিয়ে যাচ্ছি এবং আমি এইসব আলাপ আলোচনার ক্ষেত্রে তাদের সহযোগিতা এবং সৎ আস্থার প্রশংসা করছি। প্রধান প্রধান পলিসির ব্যাপারে সর্বসম্মতি নিয়ে, আমরা ঐকমত্যের কাছাকাছি পৌঁছে গেছি।

নিউ ইয়র্কবাসীদের জানা উচিত যে অগ্রগতি হচ্ছে এবং আমরা ঐকমত্যে পৌঁছাতে সময় নিচ্ছি যাতে করে তাদের ফলাফল প্রদান করতে পারি এবং আমাদের স্টেটকে অগ্রসর করতে পারি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418